দৈনিক ইত্তেফাক

তারিখ [illegible] FEB 1996
পৃষ্ঠা ৩ কলাম ৭

গত শিক্ষাবর্ষে

# নেত্রকোনায় অর্ধলক্ষ শিশু প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয় নাই

নেত্রকোনা সংবাদদাতা ॥ নেত্রকোনা জেলার ১০টি থানায় গত শিক্ষাবর্ষে প্রায় অর্ধলক্ষ শিশু সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতার বাহিরে রহিয়া যায়। জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ পরিচালিত শিশু জরিপ রিপোর্টে জানা যায় জেলায় ৬৩৪টি সরকারী, ৪৪৪টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত ও ১৪৪টি রেজিস্ট্রেশনবিহীন প্রাথমিক বিদ্যালয় এবং

(৪র্থ পৃঃ দ্রঃ)

## অর্ধলক্ষ শিশু

(৩য় পৃঃ পর)

২০৫টি এবতেদায়ী মাদ্রাসা, ৪২টি উচ্চ মাদ্রাসা সংলগ্ন বিদ্যালয়, ৫২টি কমিউনিটি স্কুল, ৭টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন বিদ্যালয়, ৮টি স্যাটেলাইট ও ১৪টি কিণ্ডারগার্টেনে চলতি শিক্ষাবর্ষে মোট ২ লাখ ৯২ হাজার ৬৭৭ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করিতেছে। কিন্তু নেত্রকোনা জেলার ১০টি থানায় ৬ হইতে ১০ বছর বয়সের বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ৩ লাখ ৩৮ হাজার ৪১৮ জন। ইহার মধ্যে ৪৫ হাজার ৩৪১ জন শিশু কোন বিদ্যালয়ে ভর্তি হয় নাই।

জেলার প্রাথমিক শিক্ষা সবচাইতে করুণ অবস্থা হইতেছে খালিয়াজুরী থানায়। এই থানায় মাত্র ৯ হাজার ৬০৯ জন শিশু প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়ন করিতেছে। হাওর অঞ্চল বলিয়া এই থানায় বৎসরের ৫/৬ মাস প্রায় সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকে। কারণ এই সময় থাকে বর্ষা আর বন্যা।

প্রায় অর্ধলক্ষ শিশু কেন গত বৎসর শিক্ষা কার্যক্রমের বাহিরে ছিল এ ব্যাপারে প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্তৃপক্ষ জানান যে, পর্যাপ্ত বিদ্যালয় থাকিলেও আসবাবপত্রের অভাব ও মাসিক তত্ত্বাবধানের অভাবের কারণে নেত্রকোনায় প্রাথমিক শিক্ষা কার্যক্রমের এই হাল। পরিদর্শকের সংখ্যা বাড়ানো হইলে বেশকিছু উন্নতি হইবে বলিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান। জেলায় ৬টি থানা শিক্ষা কর্মকর্তা, ১২টি সহকারী শিক্ষা কর্মকর্তা, ১৮টি প্রধান শিক্ষক, ৩৬টি সহকারী শিক্ষকের পদ খালি। বিদ্যালয় অনুযায়ী সহকারী শিক্ষা কর্মকর্তার পদ বৃদ্ধি করা প্রয়োজন।